

ইনকিলাব

28 MAY 2013
শুক্র ৩০

ফাজিল ও কামিলকে ডিগ্রী ও

মাস্টার্সের মান দান করতে হবে

-মাদরাসা শিক্ষা সংস্কার কমিটি

স্টাফ রিপোর্টার : মাদ্রাসা শিক্ষা সংস্কার ও উন্নয়নে সুপারিশমালা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় নেতৃবৃন্দ এবং বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে গঠিত মাদ্রাসা শিক্ষা সংস্কার ও উন্নয়নে সুপারিশমালা বাস্তবায়ন কমিটির আহ্বায়ক, প্রিন্সিপাল মাওলানা আব্দুল সোবহান এমপি'র সভাপতিত্বে এক বৈঠক গত সোমবার অনুষ্ঠিত হয়।

বৈঠকে মাদ্রাসার ফাজিল ও কামিলকে ডিগ্রী ও মাস্টার্স মান দান করার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হয়। বৈঠকে আশা প্রকাশ করা হয়, বর্তমান জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সরকার অনতিবিলম্বে মাদ্রাসার ছাত্র-শিক্ষক তথা তৌহিদী জনতার দীর্ঘদিনের ন্যায়সঙ্গত এ দাবী বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। এতে উপস্থিত ছিলেন যুগ্ম আহ্বায়ক, প্রিন্সিপাল মাওলানা হাইনুল আবেদীন, যুগ্মতী আব্দুল হুজুর এমপি, প্রফেসর ডাঃ এ বিএম হাবিবুর রহমান চৌধুরী, মাওলানা একিউএম হিফাজুল্লাহ, মানারাত ইউনিভার্সিটির রেজিস্টার আব্দুল বাশার খান, এবিএম খাইরুল ইসলাম এমুখ।